কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং ঃ ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮ - ২৭৬৯/১৮ তারিখঃ ২৮/১২/১৮

প্রাপক ·
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
------------------------অঞ্চল (সকল)।

বিষয়ঃ আলুর লেট ব্লাইট রোগ দমনে সতর্কবার্তা ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রবি মৌসুমে একটি গুরুত্বপূর্ণ ফসল হল আলু। লেট ব্লাইট রোগ আলু উৎপাদনের জন্য প্রধান অন্তরায়। বাংলাদেশে প্রতি বছর আলুর লেট ব্লাইট বা মড়ক রোগের আক্রমণে আলুর ফলন গড়ে শতকরা ৩০ ভাগ হ্রাস পায়। এই মুহূর্তে সারা দেশের বিরাজমান আবহাওয়া (কুয়াশা ও গুড়ি গুড়ি বৃষ্টি) আলুর লেট ব্লাইট রোগ আক্রমণের অনুকূল পরিবেশ তৈরি করেছে। প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহন না করা হলে এ রোগের আক্রমণে আলুর ফলন সম্পূর্ণভাবে বিনষ্ট হতে পারে। আলুর লেট ব্লাইট রোগ দমনে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর কর্তৃক ফেব্রুয়ারি, ২০১৮ এ প্রকাশিত ফ্যাক্ট শীট মোতাবেক করণীয়:

১. আলুর নাবি ধ্বসা রোগ হলে জমিতে সেচ দেওয়া বন্ধ করতে হবে।
২. নিজের বা পার্শ্ববর্তী ক্ষেতে রোগ দেখা মাত্রই ৭ দিন অন্তর নিম্নের যে কোন একটি গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক নিম্নবর্ণিত হারে প্রতি লিটার পানির সাথে মিশিয়ে স্প্রে করে গাছ ভালভাবে ভিজিয়ে দিতে হবে।
   - ম্যানকোজেব ৬০%+ ডাইমেথোমর্ফ ৯% যেমন: এক্রোবেট এম জেড - ২ গ্রাম অথবা
   - ম্যানকোজেব ৫০% + ফেনামিডন ১০% যেমন: সিকিউর ৬০০ ডব্লিউজি - ২ গ্রাম অথবা
   - প্রোপিনেব ৭০% + ইপ্রোভেলিকার্ব যেমন: মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি - ২ গ্রাম অথবা
   - এমেটোকট্রাডিন ৩০%+ডাইমেথোমর্ফ ২২.৫% যেমন: জ্যামপ্রো ডি এম - ২ মিলি অথবা
   - ম্যানকোজেব ৬৪%+ সাইমোক্সানিল ৮% যেমন: কার্জেট এম ৮ - ২ গ্রাম অথবা
   - ফ্লুমর্ফ ১০% + ম্যানকোজেব ৫০% যেমন: ফুলিমেইন ৬০ ডব্লিউপি - ২ গ্রাম

৩. যদি কুয়াশাচ্ছন্ন আবহাওয়া দীর্ঘ সময় বিরাজ করে ও রোগের মাত্রা ব্যাপক হয় সেক্ষেত্রে নিম্নক্ত ছত্রাকনাশকের যেকোন একটি মিশ্রন পর্যায়ক্রমে নিম্নে বর্ণিত হারে প্রতি লিটার পানিতে মিশিয়ে ৫ দিন অন্তর স্প্রে করে গাছ ভালভাবে ভিজিয়ে দিতে হবে।
   - এক্রোবেট এম জেড ৪ গ্রাম + সিকিউর ৬০০ ডব্লিউজি ১ গ্রাম অথবা
   - এক্রোবেট এম জেড ৪ গ্রাম + মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি ১ গ্রাম অথবা
   - ফুলিমেইন ৬০ ডব্লিউপি ৪ গ্রাম + অটোস্টিন ৫০ ডব্লিউজি (কার্বেনডাজিম ৫০%) ১ গ্রাম অথবা
   - মেলোডি ডুও ৬৬.৮ ডব্লিউপি ৪ গ্রাম + সিকিউর ৬০০ ডব্লিউজি ১ গ্রাম
৪. রোগের প্রাদুর্ভাব বেশি হলে ৩-৪ দিন অন্তর ছত্রাকনাশকের মিশ্রণ স্প্রে করতে হবে।

সুতরাং আলুর কাঙ্খিত উৎপাদন যেন ব্যহত না হয় সেলক্ষ্যে আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

২৭/১২/১৮
(এ জেড এম ছাব্বির ইবনে জাহান)
পরিচালক (ভারপ্রাপ্ত)
উদ্ভিদ সংরক্ষণ উইং
ফোন নং ঃ ৯১৩১২৯৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১. অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনু বিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সমপ্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।